

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৭৫

১/ বিবিধ

আরবী

إذا قاتل أحدكم فليجنب الوجه، فإنما صورة الإنسان على صورة وجه الرحمن
منكر

أخرجه ابن الإمام أحمد في " كتاب السنة " (ص 186) وأبو بكر بن أبي عاصم في
كتاب السنة " (ص 186) وأبو بكر بن أبي عاصم في " كتاب السنة " أيضا
1/230/521 - بتحقيقي والدارقطني في كتاب " الصفات " (65/49) عن ابن لهيعة
عن أبي يونس عن أبي هريرة مرفوعا

قلت: وهذا سند رجاله ثقات رجال مسلم؛ غير ابن لهيعة، وهو ضعيف لسوء حفظه،
وقد صح الحديث من طرق بنحوه، ولكن ليس فيه ذكر " على صورة وجه الرحمن "
سبحانه وتعالى، فهي زيادة منكرا لمخالفتها لتلك الطرق، وبعضها في " الصحيحين "
خرجتها في " الصحيحة " (450 و 862) و " ظلال الجنة " (1/228)

وهذه الرواية سكت عنها في " الفتح " (5/183)

وقد أنكرها جماعة مع ورودها من طريق آخر، ولكنه معل كما يأتي بعده
والحديث رواه عطية العوفي عن أبي سعيد الخدري مرفوعا به دون قوله: " فإنما
أخرجه أحمد (3/38، 93) وإسناده حسن في الشواهد، وله شواهد أخرى فانظر
تعليقي على " السنة " لابن أبي عاصم رحمه الله تعالى

تنبيه: وقع عند الدارقطني: " عن الأعرج " مكان: " عن أبي يونس "، فإن

كان محفوظا عن ابن لهيعة، فهو من تخاليطه الدالة على عدم ضبطه لروايته

বাংলা

১১৭৫। তোমাদের কেউ যখন মারামারি করবে সে যেন চেহারায় আঘাত করা থেকে বিরত থাকে। কারণ মানুষের আকৃতি রহমানের চেহারার আকৃতির ন্যায়।

হাদীসটি মুনকার।

হাদীসটি ইমাম আহমাদ "কিতাবুস সুন্নাহ" গ্রন্থে (পৃঃ ১৮৬), আবু বকর ইবনু আবী আসেমও "কিতাবুস সুন্নাহ" গ্রন্থে (১/২৩০/৫২১) ও দারাকুতনী "আসসিফাত" গ্রন্থে (৬৫/৪৫) ইবনু লাহীয়াহ সূত্রে আবু ইউনুস হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ সনদের বর্ণনাকারী ইবনু লাহীয়াহ ব্যতীত সকল বর্ণনাকারী নির্ভরযোগ্য, ইমাম মুসলিমের বর্ণনাকারী। আর তিনি দুর্বল তার হেফযে ত্রুটি থাকার কারণে। অনুরূপ ভাবার্থের সহীহ হাদীস বিভিন্ন সূত্রে বর্ণিত হয়েছে কিন্তু তাতে রহমানের চেহারার আকৃতিতে এ ভাষাটি নেই। এ বর্ধিত অংশটুকু মুনকার (অগ্রহণযোগ্য) সেই সব সহীহ সূত্রগুলোতে বর্ণিত সহীহ ভাষার বিপরীত হওয়ার কারণে। সেগুলোর কোন কোনটি বুখারী ও মুসলিম হাদীস গ্রন্থদ্বয়ে বর্ণিত হয়েছে।

হাদীসটি আতিয়াহ, আওফী আবু সাঈদ খুদরী (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন। তবে শেষের (فإنما صورة الإنسان على صورة وجه الرحمن) ICRRöië Rart" (صورة الإنسان على صورة وجه الرحمن) "কারণ মানুষের আকৃতি রহমানের চেহারার আকৃতির ন্যায়" এ অংশটুকু ছাড়া। এটি ইমাম আহমাদ বর্ণনা করেছেন। এর সনদটি হাসান শাহেদের ক্ষেত্রে। আর এর শাহেদও রয়েছে।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72054>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন